বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.bcc.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৫.১২.০১৩০.২৫-১৬৮৪

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য (স্থায়ী/অস্থায়ী) পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	সহকারী প্রোগ্রামার	০১টি	(৯ম গ্রেড) জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সম্পর্কিত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ।
২.	(ক) অ্যাসোসিয়েট (অডিট কমপ্লায়েন্স) (খ) সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার	(ক) ০১টি (খ) ০১টি	(৯ম গ্রেড) জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সম্পর্কিত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ।
৩.	লিয়াজোঁ অফিসার (আইটিইই)	০১টি	(৯ম গ্রেড) জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশকীয়ভাবে অনুসরণীয়:

১। সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd সাইটের মাধ্যমে আগামী ২৯ অক্টোবর ২০২৬খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ, অসত্য ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

২। বয়সসীমা: ০১ সেপ্টেম্বর ২০২৬খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। এস. এস. সি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩। পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক ০১ হতে ০৩নং পদের সকল প্রার্থীদের ২২৩/- (দুইশত তেইশ) টাকা Rocket/bKash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে;

৪। আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য সকল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে বিসিসির চাকরি প্রবিধানমালা ও প্রযোজ্য ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে;

৬। কোটা সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে;

৭। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আপলোড করতে হবে;

৮। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে ই-মেইল/মোবাইল নম্বরে এসএমএস/বিসিসির ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;

৯। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০। কোনো কারণ উল্লেখ ছাড়াই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতাসহ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা দাপ্তরিক প্রয়োজন ও জনস্বার্থে কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১১। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোন একটি ক্রমিকের পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;

১২। মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ০৪কপি সত্যায়িত ছবি (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) নাগরিকত্ব সনদ (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে কোটার স্বপক্ষে সনদ দাখিল করতে হবে;

১৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষা গ্রহণকালে উক্ত কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

১৪। আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৬। অনলাইন আবেদন করতে কোনো সমস্যা হলে অফিস সময়ের মধ্যে (সকাল ৯:০০টা হতে বিকাল ৪:০০টা) জনাব আবু রায়হান মিয়া, কো-অর্ডিনেটর (আইসিটি কোর্স) (মোবাইল: ০১৫৭১৭৪৯০৯৪)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মোঃ জাকির হোসেন বাচ্চু
সচিব (উপসচিব)